ইরান পরমাণু অস্ত্র বানানোর পরিকল্পনা বাদ দিয়েছে: ট্রাম্প

ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরান পারমাণবিক অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে সরে এসেছে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার (৩ অক্টোবর) হোয়াইট হাউসে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন।

ট্রাম্প বলেন, তেহরানের পারমাণবিক অস্ত্র তৈরির সক্ষমতা ঠেকানো ছিল ইরানের সঙ্গে চলমান অষ্টম মাসের যুদ্ধে তার প্রশাসনের অন্যতম ঘোষিত লক্ষ্য।

তিনি আরও দাবি করেন, ২৮ ফেব্রুয়ারি ইসরায়েল ও যুক্তরাষ্ট্র ইরানে হামলা চালানোর পর দীর্ঘ সময় তেলের দাম বাড়তি থাকলেও বর্তমানে তা কমে এসেছে। তার ভাষ্য, তেলের দাম এখন বাইডেন প্রশাসনের সময়ের তুলনায়ও কম। অথচ ওই সময় ইরানের পারমাণবিক অস্ত্র তৈরির সক্ষমতা ঠেকাতে কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি।

তবে পারমাণবিক অস্ত্র তৈরির চেষ্টা করার অভিযোগ বরাবরই অস্বীকার করে আসছে ইরান। গত মাসে জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক সফরের সময় দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানও ইরানের এ অবস্থান পুনর্ব্যক্ত করেন।

LENS ASIA